পল্লবীস্থ নৌ ফাউন্ডেশন বাসস্থান প্রকল্প
বাসা এবং দোকান বরাদ্দ ও ভাড়া সংক্রান্ত বিধিমালা

১। পল্লবীস্থ নৌ ফাউন্ডেশনের মালিকানাধীন প্লট নং ৪/৪ এবং ৭/১ এ নির্মিত আবাসিক বাসা এবং দোকান বরাদ্দ/ভাড়া ও আনুষাংগিক বিষয়াদি নিম্নলিখিত বিধিমালা অনুযায়ী পরিচালিত হইবেঃ

ক। **বাসা বরাদ্দের আবেদনঃ** প্রত্যেক আবেদনকারীগন নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকার নিকট আবেদন করিবে। আবেদন পত্র বাসা বরাদ্দ যাচাই কমিটির সুপারিশের ভিত্তিতে এডমিন ঢাকা সিদ্ধান্ত গ্রহন করিবেন।

খ। **বাসা বরাদ্দ যাচাই কমিটিঃ** অধিনায়ক, বা নৌ জা হাজী মহসীন, এনবিও ঢাকা এবং ষ্টাফ অফিসার ওয়েলফেয়ার এর সমন্বয়ে বাসা বরাদ্দ যাচাই কমিটি গঠিত হইবে।

গ। **বাসা বরাদ্দের উপযোগীতাঃ** নৌবাহিনীতে কর্মরত শুধুমাত্র নাবিকগণ ভাড়া প্রদান সাপেক্ষে বসবাস করিতে পারিবেন। বিশেষ মানবিক কারণে ও নৌ প্রধানের অনুমোদন সাপেক্ষে অবসরপ্রাপ্ত অফিসারদের উক্ত বাসা ভাড়া দেওয়া যাইতে পারে।

ঘ। **রোষ্টার তৈরী করণঃ** এনবিও ঢাকার বর্তমান পদ্ধতিতে আবেদনকারীদের একটি রোষ্টার তৈরী করা যাইতে পারে।

ঙ। **বরাদ্দকৃত বাসা গ্রহনের নিয়মঃ** বরাদ্দপত্র পাওয়ার ০৭ কর্ম দিবসের মধ্যে বাসা গ্রহন করিতে হইবে। বরাদ্দকারী এবং নৌবাহিনীর যাহাতে আর্থিক কোন ক্ষতি না হয় উভয়কে সে দিকে নজর রাখিতে হইবে।

চ। **বরাদ্দকৃত বাসা বাতিল করণঃ** ঝগড়া ফ্যাসাদ, অসামাজিক কার্যকলাপ, কোন নাবিক চাকুরী হইতে বহিস্কার হইলে, বাসা দুই মাসের বেশী খালি রাখিলে এবং সাবলেট প্রদান করিলে বাসার বরাদ্দ বাতিল হইবে।

ছ। **মৃত্যু ঘটিলেঃ** কোন বরাদ্দকারী নাবিক চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে তাহার বিধবা স্ত্রীর আবেদনের প্রেক্ষিতে ২ বৎসর পর্যন্ত বাসায় থাকিতে পারিবেন।

জ। **অবসরঃ** অবসর গমনের পর এলপিআর পিরিয়ড ও তারপর ৩ মাস পর্যন্ত এবং ক্ষেত্র বিশেষে নৌ প্রধানের বিশেষ বিবেচনায় বাসা বরাদ্দ বহাল থাকিবে।

ঝ। **পরিস্কার পরিচ্ছন্নতার জন্য অস্থায়ী শ্রমিক নিয়োগঃ** পরিস্কার পরিচ্ছন্নতার জন্য সুপারভাইজিং কমিটি অসহায়ী শ্রমিক নিয়োগের ব্যাপারে ব্যবস্থা নিবেন। পরিস্কার পরিচ্ছন্নতার জন্য নিয়োগকৃত অসহায়ী শ্রমিকের বেতন বাসায় বসবাসকারী সকল সদস্য সমানভাবে বহন করিবে।

ঞ। **বাসা ভাড়া নির্ধারণঃ** ২ মাসের ভাড়া অগ্রিম জমা এবং প্রতি দুই বৎসর অন্তর অথবা প্রয়োজনানুযায়ী ভাড়া পূনঃ নির্ধারণ করা হইবে। বর্তমানে ৪/৪ বাসার জন্য ৫,৫০০/০০ এবং ৭/১ বাসার জন্য ৬,০০০/০০ টাকা নির্ধারণ করা হইয়াছে। পার্শ্ববর্তী ফ্ল্যাটের ভাড়ার সহিত সামঞ্জস্য রাখিয়া ফ্ল্যাটের মাসিক ভাড়া পরিবর্তিত করা যাইতে পারে। নৌ প্রধানের বিশেষ বিবেচনায় ভাড়ার হার পরিবর্তনযোগ্য।

ট। **সুপারভাইজিং কমিটি গঠনঃ** এডমিন ঢাকা কর্তৃক তিন সদস্য বিশিষ্ট একটি সুপারভাইজিং কমিটি গঠিত হইবে। উক্ত কমিটি নিম্নরুপঃ

(১) ষ্টাফ অফিসার ওয়েল ফেয়ার - সভাপতি
(২) এনবিও, ঢাকার প্রতিনিধি - সদস্য
(৩) বাসায় বসবাসকারীদের প্রতিনিধি - সদস্য

ঠ। **ম্যানেজার/কেয়ারটেকার নিয়োগঃ** সকল বসবাসকারীদের নিকট হইতে সময়মত বাসা ভাড়া উত্তোলন, বিদ্যুৎ, পানি, গ্যাস বিল ইত্যাদি সময়মত সংগ্রহ/পরিশোধ, কর প্রদান, অন্যান্য রক্ষণাবেক্ষণজনিত সকল কাজ পরিচালনা করিতে সক্ষম একজন ম্যানেজার/কেয়ারটেকার নিয়োগ প্রদান করা যাইতে পারে। কেয়ারটেকার অস্থায়ী শ্রমিক এর মাধ্যমে পরিস্কার পরিচ্ছন্ন নিশ্চিত করিতে পারিবে।

ড। **নিরাপত্তা প্রহরীঃ** প্রতি ভবনের জন্য দুইজন করিয়া নিরাপত্তা প্রহরী নিয়োগ করিতে হইবে। নিয়োগের ক্ষেত্রে প্রাইভেট সিকিউরিটি কোম্পানী/অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর সদস্যদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। নিরাপত্তা প্রহরীর জন্য টাকা ২৫০/০০ হারে প্রতি বাসা হইতে আদায় করিতে হইবে।

ঢ। **বাসা ভাড়া আদায়ঃ** প্রত্যেক মাসের ০৭ তারিখের মধ্যে সুপারভাইজিং কমিটি নগদ ভাড়া আদায় করিয়া নৌ প্রশাসনিক কর্তৃপক্ষের মাধ্যমে ১০ তারিখের মধ্যে নৌ কল্যাণ পরিদপ্তরে প্রেরণ করিবে। ভাড়াটিয়াগণ গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল পরিশোধের রসিদ এবং ০৭ তারিখের মধ্যে রক্ষণাবেক্ষণ ও দারোয়ান/কেয়ারটেকারের বিল নগদে প্রদান করিবে।

ন। **সুপারভাইজিং কমিটির সভা এবং অভিযোগ খাতাঃ** ভবনের সুবিধা এবং অসুবিধার সমাধান করার জন্য প্রতি মাসে একবার কমিটির সভা অনুষ্ঠিত হইবে এবং অভিযোগ খাতায় ভাড়াটিয়াগনের রক্ষনাবেক্ষন/অসুবিধার বিষয়ে লিপিবদ্ধ থাকিবে।

প। **রক্ষনাবেক্ষণ ব্যয় এবং ভাড়া নিয়মিত প্রদানঃ** কমিটি রক্ষণাবেক্ষণ বাবদ ৫,০০০/০০ টাকার কম হইলে এডমিন ঢাকার অনুমোদন নিয়ে এবং ৫,০০০/০০ টাকার বেশী হইলে নৌ সদরের অনুমতি সাপেক্ষে উক্ত টাকা ব্যয় করিতে পারিবে। প্রতিটি ভবনের জন্য এডমিন ঢাকার অনুমোদন নিয়ে মাসে ১০,০০০/০০ পর্যন্ত খরচ করিতে পারিবে এবং অতিরিক্ত টাকার প্রয়োজন হইলে নৌ সদরের অনুমতি গ্রহন করিতে হইবে। কোন সদস্য ১ মাসের ভাড়া প্রদানে ব্যর্থ হইলে ২য় মাসে ০৭ দিনের মধ্যে ব্যক্তির ইউনিটে জানাইতে হইবে এবং ৩য় মাসে ভাড়া আদায় পূর্বক বাসা খালী করিতে হইবে।

ফ। **বাসা পরিদর্শনঃ** কমিটি বাসায় বসবাসকারীদের মধ্যে কোন অনিয়ম পরিলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে বাসা পরিদর্শন করিতে পারিবে।

ব। **৭/১ ভবনের নীচতলার দোকান ভাড়া নির্ধারণঃ** পার্শ্ববর্তী দোকানের ভাড়ার সহিত সামঞ্জস্য রাখিয়া দোকানগুলির ভাড়া নির্ধারণ করা যাইতে পারে । প্রতিটি দোকানের ভাড়া ২,৫০০/০০ টাকা, যাহা প্রতি ১ বৎসর পর পরিবর্তনযোগ্য। স্থানীয় বিজ্ঞপ্তির মাধ্যমে গৃহীত সর্বোচ্চ দরদাতাকে দোকান ভাড়া দেওয়া যাইতে পারে। প্রতিটি দোকানের নির্ধারিত ভাড়ার সিকিউরিটি বাবদ ১২ মাসের ভাড়ার সমপরিমান টাকা নেওয়া যাইতে পারে। বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল দোকানের ভাড়াটিয়াগন পরিশোধ করিবে। সুপারভাইজিং কমিটি ইহার নিশ্চয়তা বিধান করিবে। দোকান ভাড়া প্রদানের বিষয়ে অবসরপ্রাপ্ত নৌ সদস্যদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

২। সময়ে সময়ে প্রয়োজনের স্বার্থে নূতন বিধিমালা প্রবর্তন বা আলোচ্য বিধিমালা পরিবর্তন/পরিবর্ধন করা হইতে পারে।

সৈয়দ হাসিবুর রহমান
কমান্ডার বিএন
পরিচালক কল্যাণ